

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

গুনাক্ষার ব্যক্তি গুনাহ্'র মাধ্যমে পূর্বের কোন এক অভিশপ্ত তথা ধ্বংসপ্রাপ্ত জাতির যোগ্য

১৩. গুনাক্সার ব্যক্তি গুনাহ্'র মাধ্যমে পূর্বের কোন এক অভিশপ্ত তথা ধ্বংসপ্রাপ্ত জাতির যোগ্য (?) ওয়ারিশ হিসেবে গণ্য হয়। যেমন:

সমকামী ব্যক্তি লুত্ব সম্প্রদায়ের ওয়ারিশ।

মাপে কম দেয় যে সে ভ'আইব সম্প্রদায়ের ওয়ারিশ।

ফিতনা-ফাসাদ সৃষ্টিকারী ফির'আউন সম্প্রদায়ের ওয়ারিশ।

দাম্ভিক ও আত্মন্তরি হূদ সম্প্রদায়ের ওয়ারিশ।

সুতরাং গুনাস্থার যে গুনাহ্ই করুক না কেন তার সাথে পূর্বের কোন এক জাতির সাথে সে বিষয়ে মিল রয়েছে। তবে উক্ত মিল কিন্তু প্রশংসনীয় নয়। কারণ, তারা ছিলো আল্লাহ্ তা'আলার একান্ত অবাধ্য এবং তাঁর কঠিন শক্র। 'আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ تَشَبَّهُ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ.

"যে ব্যক্তি (মুসলিম ছাড়া) অন্য কোন জাতির সঙ্গে কোন বিষয়ে মিল রাখলো সে তাদের মধ্যেই পরিগণিত হবে"। (আহমাদ ২/৫০, ৯২; আবূ দাউদ ৪০৩১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6586

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন